অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/15/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ওসওয়েগো কাউন্টিতে 19 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসন ডেভেলপমেন্টের সমাপ্তির ঘোষণা করেছেন

সেলকির্ক ল্যান্ডিং পুলাস্কি গ্রামে পরিবার, বয়স্ক এবং গৃহহীনতার সম্মুখীন প্রাপ্তবয়স্কদের জন্য 64টি সাশ্রয়ী মূল্যের এবং বিদ্যুৎ-সাশ্রয়ী বাড়ি নির্মাণ করেছে

কমিউনিটি হাব অফার করা কর্মশক্তি উন্নয়নমূলক পরিষেবাগুলো সাইটে পাওয়া যাবে বিনিয়োগটি 'CNY রাইজিং' এর সম্পূরক, যা হল সম্প্রদায়সমূহকে পুনরুজ্জীবিত করার এবং অর্থনীতির বিকাশের জন্য অঞ্চলটির সার্বিক কৌশল

গভর্নর ক্যাথি হোকল আজ পুলাস্কির ওসওয়েগো কাউন্টি গ্রামে 19 মিলিয়ন মার্কিন ডলারের বহু প্রজন্মের সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসন ডেভেলপমেন্টের সমাপ্তির ঘোষণা করেছেন। সেলকির্ক ল্যান্ডিং পরিবার এবং বয়স্কদের জন্য 44টি সাশ্রয়ী মূল্যের বাড়ি এবং গৃহহীনতার সম্মুখীন প্রাপ্তবয়স্কদের জন্য সহায়ক পরিষেবা সহ 20টি বাড়ি অফার করে। বিদ্যুৎ-সাশ্রয়ী ডেভেলপমেন্টের মধ্যে 3,000-বর্গ-ফুটের কমিউনিটি ফ্যাসিলিটি রয়েছে যা কর্মশক্তি উন্নয়ন প্রোগ্রামিং সুবিধা অফার করে।

"উচ্চ-মানসম্পন্ন সাশ্রয়ী মূল্যের আবাসনের সরবরাহ বৃদ্ধি করা স্টেট জুড়ে বড় এবং ছোট কমিউনিটির একটি অগ্রাধিকার," **গভর্নর হোকল বলেন।** "যেহেতু আমরা সেলকির্ক ল্যান্ডিং-এর মতো উন্নয়নে বিনিয়োগ করি তাই আমরা এটি নিশ্চিতে সাহায্য করতে পারি যে বয়স্ক এবং কর্মজীবী পরিবারগুলো তারা যে কমিউনিটিগুলোকে বাড়ি বলে ডাকে সেই স্থানটিতে থাকতে সক্ষম হয়, পাশাপাশি অসহায় নিউ ইয়র্কবাসী এবং আশেপাশের কমিউনিটির জন্য পরিষেবাগুলোতে উন্নত অ্যাক্সেস প্রদান করে।"

সেলকির্ক ল্যান্ডিং অ্যাপার্টমেন্টস গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের সমন্বিত আবাসন পরিকল্পনার অংশ যা নিউ ইয়র্ক জুড়ে 100,000টি সাশ্রয়ী বাড়ি নির্মাণ বা সংরক্ষণ করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000টি বাড়ি এবং আরো 50,000টি বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

সেলকির্ক ল্যান্ডিং-এ 20টি ডুপ্লেক্স বিল্ডিং যেখানে মোট 40টি অ্যাপার্টমেন্ট রয়েছে এবং 55 বছর বা তার বেশি বয়সী বাসিন্দাদের জন্য 24টি অ্যাপার্টমেন্ট সহ একটি দ্বি-তল ভবন রয়েছে। এই

সব অ্যাপার্টমেন্টগুলো যেসব পরিবার মাধ্যমিক পর্যায়ের আয়ের শতকরা 60 ভাগ বা তার নিচে উপার্জন করে তাদের সামর্থ্যের মধ্যে রয়েছে।

গৃহহীনতা বা বাসস্থানের নিরাপত্তাহীনতায় ভোগা প্রাপ্তবয়স্কদের জন্য 20টি অ্যাপার্টমেন্ট রয়েছে। এই বাসিন্দাগণের অনসাইট সেবা এবং এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ (Empire State Supportive Housing Initiative, ESSHI)-এর মাধ্যমে প্রদত্ত এবং নিউ ইয়র্ক স্টেটের অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health, OMH) কর্তৃক পরিচালিত ভাড়া ভর্তুকি পাওয়ার সুযোগ থাকবে।

ডেভেলপমেন্টের মধ্যে একটি 3,000-বর্গ-ফুটের আলাদা কমিউনিটির ফ্যাসিলিটিও রয়েছে যা "হাব" নামে পরিচিত ওসওয়েগো কাউন্টি অপর্চুনিটিজ, ইনক. কর্তৃক পরিচালিত। এই ফ্যাসিলিটিটি বেকার এবং নিম্ন-কর্মসংস্থানের নিম্ন আয়ের ব্যক্তিদের কর্মসংস্থান প্রাপ্তি এবং বজায় রাখার ক্ষেত্রে প্রতিবন্ধকতাগুলো অতিক্রম করতে সাহায্য করার জন্য কর্মশক্তি উন্নয়ন কার্যক্রম নিশ্চিত করে।

ইউ.এস. গ্রীন বিল্ডিং কাউন্সিল LEED সার্টিফিকেশন সিলভার লেভেলে অর্জন করার জন্য এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority)-এর লো-রাইজ রেসিডেন্সিয়াল নিউ কনস্ট্রাকশন প্রোগ্রামের শর্তাবলি পূরণের জন্য এই ডেভেলপমেন্টটি ডিজাইন করা হয়েছে। বিদ্যুত-সাশ্রয়ী বৈশিষ্ট্যগুলোর মধ্যে রয়েছে এনার্জি স্টার বা সমতুল্য যন্ত্রপাতি, আলো এবং সরঞ্জাম।

পুলাস্কি অ্যাকাডেমি এবং সেন্ট্রাল স্কুল থেকে সরাসরি এবং মুদি দোকান, ফার্মেসি, ব্যাংক এবং ডে কেয়ার সেন্টারের এক মাইলের মধ্যে সেলকির্ক ল্যান্ডিং অবস্থিত। আবাসিক ফ্যাসিলিটির মধ্যে রয়েছে লন্ড্রি সুবিধা, রান্নাঘর সহ একটি কমিউনিটি রুম এবং হাঁটার পথ। সেলকির্ক ল্যান্ডিংয়ের ডেভেলপার হলো লেকউড ডেভেলপমেন্ট II, LLC যেখানে ওসওয়েগো হাউজিং ডেভেলপমেন্ট কাউন্সিল, ইনকর্পোরেটেডের সাথে অংশীদারিত্ব রয়েছে।

সেলকির্ক ল্যান্ডিং-এ স্টেটের অর্থায়নের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে ফেডারেলের নিম্ন-আয়ের আবাসনের জন্য ট্যাক্স ক্রেডিট যা প্রায় 13.4 মিলিয়ন মার্কিন ডলারের ইক্যুইটি এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal)-এর পক্ষ থেকে 4.9 মিলিয়ন মার্কিন ডলারের ভর্তুকি নিশ্চিত করেছে। OMH এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভের মাধ্যমে তহবিল নিশ্চিতে বার্ষিক হিসেবে 500,000 মার্কিন ডলারের পাশাপাশি কর্মসূচি উন্নয়ন তহবিল (Program Development Grant) থেকে স্টার্ট-আপ ব্যয় নির্বাহের জন্য 138,000 মার্কিন ডলার প্রদান করবে। NYSERDA 65,400 মার্কিন ডলারের সহায়তা প্রদান করেছে। NBT ব্যাংক (NBT Bank) বাড়তি অর্থ প্রদান করেছে।

গত পাঁচ বছরে, নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল ওসওয়েগো কাউন্টিতে বহু পরিবারের ভবনে প্রায় 350টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট নির্মাণ ও সংরক্ষণের জন্য 40 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে।

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথ অ্যান ভিসনাউস্কাস বলেন, "পরিবার, বয়স্ক এবং প্রাপ্তবয়স্কদের জন্য বাড়ির মতো সহায়ক পরিষেবার প্রয়োজন আছে তাই সেলকির্ক ল্যান্ডিং 64টি পরিবারের জন্য একটি অন্তর্ভুক্তিমূলক, বৈচিত্র্যময় এবং স্বাস্থ্যকর কমিউনিটি অফার করে যাতে তারা সাশ্রয়ী মূল্যে জীবনযাপন করতে পারে এবং তাদের ব্যক্তিগত লক্ষ্য অর্জনে মনোযোগ দিতে পারে এবং সমগ্র কমিউনিটির উপকারে পরিষেবা নিশ্চিত করতে পারে। আমরা উচ্ছ্বসিত কারণ এই নতুন ডেভেলপমেন্টে আমাদের বিনিয়োগ পুলাস্কিতে কার্যকরী রূপান্তরমূলক প্রভাব ফেলবে এবং এই প্রকল্পটিকে বাস্তবে পরিণত করার জন্য লেকউড ডেভেলপমেন্ট এবং আমাদের অংশীদারদের অভিনন্দন জানাই।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব মেন্টাল হেলথ কমিশনার ডা. অ্যান সুলিভান বলেন, "সহায়ক আবাসনের প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতি মানসিক অসুস্থতায় ভোগা হাজার হাজার নিউ ইয়র্কবাসী এবং তাদের পরিবারকে তাদের নিজস্ব কমিউনিটিতে স্থিতিশীল এবং কর্মমুখী জীবনযাপন করতে সহায়তা করছে। সেলকির্ক ল্যান্ডিং পুলাস্কি গ্রামের একটি সুন্দর সংযোজন যা মানুষকে পুনরুদ্ধারের ক্ষেত্রে তাদের পথ তৈরি করতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির প্রেসিডেন্ট এবং CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "সেলকির্ক ল্যান্ডিং প্রকল্পের ফিতা কেটে, ওসওয়েগো কাউন্টির বাসিন্দাগণ এখন পরিবেশ-বান্ধব সাশ্রয়ী মূল্যের সহায়ক আবাসনগুলোতে অ্যাক্সেস বর্ধিত করেছে যাতে বিদ্যুত সাশ্রয়ী যন্ত্রপাতি এবং সরঞ্জাম রয়েছে। বিদ্যুত ব্যয় সাশ্রয় এবং বিভিন্ন ধরনের সহায়তামূলব পরিষেবা প্রাপ্তি ছাড়াও, বাসিন্দাগণ 2030 সালের মধ্যে দুই মিলিয়ন জলবায়ু বান্ধব বাড়ি নির্মাণ করার গভর্নর হোকলের লক্ষ্যকে সমর্থন করার পাশাপাশি বসবাসযোগ্য এবং স্বাস্থ্যকর একটি পরিবেশ নিশ্চিত করে থাকার জায়গাগুলো উপভোগ করবে।"

সিনেট মেজরিটি লিডার চার্লস শুমার বলেন, "ওসওয়েগো কাউন্টির প্রতিটি পরিবার বাড়ি বলে ডাকার জন্য একটি নিরাপদ এবং ঝুঁকিমুক্ত জায়গা পাওয়ার যোগ্য এবং আমি সেন্ট্রাল নিউ ইয়র্কে সাশ্রয়ী মূল্যের এবং কর্মশক্তির আবাসন উভয় ক্ষেত্রেই এই উল্লেখযোগ্য বিনিয়োগ দেখে গর্বিত। নিউ ইয়র্কের কয়েক ডজন পরিবারকে নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদান করে এবং যারা আবাসন নিরাপত্তাহীনতার সম্মুখীন তাদের জন্য গুরুত্বপূর্ণ সহায়ক এবং চাকরি-প্রস্তুতি পরিষেবাগুলো বর্ধিত করে, এই অগ্রগতি-চিন্তার উন্নয়ন আমাদের স্টেটের সবচেয়ে অসহায় বাসিন্দাদের স্বাধীনভাবে বাঁচতে সাহায্য করবে। আমি নিউ ইয়র্ক জুড়ে সাশ্রয়ী মূল্যের আবাসনের অ্যাক্সেস বাড়ানোর জন্য গভর্নর হোকলের প্রচেষ্টাকে সাধুবাদ জানাই এবং প্রতিটি নিউ ইয়র্কবাসীর মাথার উপর একটি ছাদ রয়েছে তা নিশ্চিত করার জন্য আমি এ লড়াই বন্ধ করব না।"

সিনেটর কার্স্টেন গিলিব্র্যান্ড বলেন, "নিউ ইয়র্কবাসীদের জন্য সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসনের অ্যাক্সেস সম্প্রসারণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই নতুন আবাসন উন্নয়ন নিশ্চিত করতে সাহায্য করবে যে আমরা ওসওয়েগো কাউন্টির বাসিন্দাদের আবাসন চাহিদা মেটানোর পাশাপাশি তাদের অন্যান্য গুরুত্বপূর্ণ পরিষেবা প্রদান করতে পারি। ওসওয়েগো কাউন্টি কমিউনিটি এবং স্টেটজুড়ে সাশ্রয়ী আবাসন সম্প্রসারণের জন্য গভর্নর হোকলের প্রচেষ্টায় সহায়তা করতে পেরে আমি গর্বিত।"

অ্যাসেম্বলিমেম্বার উইল বার্কলে বলেন, "পুলাস্কিতে নতুন, সাশ্রয়ী মূল্যের আবাসন কমপ্লেক্স প্রাপ্তি কমিউনিটি, পরিবার এবং বাসিন্দাদের জন্য একটি বিজয়। সেলকির্ক ল্যান্ডিং শুধুমাত্র নিরাপদ, সাশ্রয়ী মূল্যের আবাসন সরবরাহ করে না বরং এতে বাস্তব দক্ষতা এবং কর্মশক্তি-উন্নয়ন প্রশিক্ষণ সুবিধাও রয়েছে যা ব্যক্তিদের সাফল্য এবং আর্থিক স্বাধীনতা অর্জনের চাবিকাঠি। পুলাস্কিতে কেন্দ্রীয়ভাবে অবস্থিত, অন্যান্য প্রয়োজনীয় পরিষেবাগুলোর নৈকট্য যেমন- মুদি দোকান, আর্থিক প্রতিষ্ঠান, স্কুল এবং এমনকি একটি ডে কেয়ার সেন্টার যেগুলো আমাদের প্রতিবেশীদের সাহায্য করার জন্য ভবিষ্যতে অনেক দূর এগিয়ে যাবে। সেলকির্ক ল্যান্ডিং-এর চেয়ে আমাদের কমিউনিটির মানুষদের উন্নতিতে সাহায্য করার জন্য আমি সম্পদের আরো ভালো, আরও উপযুক্ত ব্যবহারের কথা ভাবতে পারিনি। বাড়িতে স্বাগতম।"

পুলাস্কি গ্রামের মেয়র জ্যান টাইঘে বলেন, "সেলকির্ক ল্যান্ডিং প্রকল্প চালু করার জন্য পুলাস্কি ভিলেজ বোর্ড রোমাঞ্চিত। আমরা আমাদের বাসিন্দাদের জন্য অতিরিক্ত আবাসন সুযোগকে স্বাগত জানাই।"

লেকউড ডেভেলপমেন্ট II LLC-এর সুসান কিমেল বলেন, "নিউ ইয়র্কের পুলাস্কির কমিউটির জন্য অত্যন্ত প্রয়োজনীয় সাশ্রয়ী মূল্যের, সেইসাথে সহায়ক আবাসন নিশ্চিত করতে পেরে আমরা উচ্ছ্বসিত, যাতে বাসিন্দাগণ তাদের সাথে পরিচিত কমিউনিটির পরিবেশে সহায়তা করতে পারে। ফুটপাতের মাধ্যমে বিস্তৃত গ্রামে সহজে প্রবেশের পাশাপাশি বাসিন্দাগণ স্যালমন নদী সহ বাড়তি সুযোগ-সুবিধাগুলোতে অ্যাক্সেস পাবে। উপরন্তু, এটি বাসিন্দাদের সত্যিই কমিউনিটির একটি অংশ হওয়ার সুযোগ নিশ্চিত করে। OCO-এর সাথে আমাদের অংশীদারিত্বের মাধ্যমে, আমরা OCO হাব প্রদান করতে সক্ষম হয়েছি, একটি পরিষেবাদানকারী ভবন যা OCO বৃহত্তর কমিউনিটির কাছে পরিষেবাদানে ব্যবহার করতে পারে। সরকারি এবং বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে কী অর্জন করা যায় তার এটি একটি চমৎকার উদাহরণ।"

ওসওয়েগো হাউজিং ডেভেলপমেন্ট কাউন্সিল, ইনক. এর নির্বাহী পরিচালক ম্যারিয়ন নারামোর বলেন, "ওসওয়েগো হাউজিং ডেভেলপমেন্ট কাউন্সিল, ইনক. লেকউড ডেভেলপমেন্ট II, LLC-এর সাথে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত এবং পুলাস্কি গ্রামে এই অত্যন্ত প্রয়োজনীয় স্বল্প থেকে মাঝারি আয়ের মাল্টিফ্যামিলি যৌথ আবাসন সুবিধাকে সমর্থন করে। ওসওয়েগো কাউন্টির সমস্ত বাসিন্দাদের থাকার জন্য একটি নিরাপদ, স্যানিটারি সুবিধা আছে তা নিশ্চিত করার জন্য এটি OHDC মিশন স্টেটমেন্টের অংশ। সেলকির্ক ল্যান্ডিং একটি মনোরম ফ্যাসিলিটি যা নর্দার্ন ওসওয়েগো কাউন্টির বাসিন্দাদের মানসম্পন্ন সাশ্রয়ী মূল্যের আবাসন নির্বাচনের সুযোগ দেয়।"

ওসওয়েগো কাউন্টি অপর্চুনিটিজ, ইনক. এর এক্সিকিউটিভ ডিরেক্টর ডায়ান কুপার-কুরিয়ার বলেন, "অসহায় ব্যক্তি এবং পরিবারকে বসবাসের সহায়ক আবাসন প্রদানের জন্য এই সুযোগ নিশ্চিতে OCO লেকউড ডেভেলপমেন্ট II, LLC এবং NYS-এর সাথে অংশীদার হতে পেরে কৃতজ্ঞ। কমিউনিটির জন্য সাশ্রয়ী মূল্যের, মানসম্পন্ন আবাসন নিশ্চিত করা ছাড়াও যে কাউকে তাদের ব্যক্তিগত, সাক্ষরতা, শিক্ষাগত এবং কর্মশক্তি সম্পর্কিত প্রয়োজনে সহায়তা করার জন্য কমিউনিটির দোড়গোড়ায় পরিষেবা পৌঁছে দিতে পুলাস্কি এলাকায় একটি কেন্দ্র

নিশ্চিত করতে পেয়ে আমরা আনন্দিত। নর্দার্ন ওসওয়েগো কাউন্টির বাসিন্দাদের পরিষেবাগুলো অ্যাক্সেস করার সুযোগ এবং বাড়ির কাছাকাছি সহায়তা প্রদান করা অ্যাক্সেসের প্রতিবন্ধকতা হ্রাস করার পাশাপাশি ব্যক্তি ও পরিবারগুলোকে উন্নতি করতে সহায়তা করবে।"

CNY রাইজিং ত্বরান্বিত করা
আজকের ঘোষণাটি "CNY রাইজিং" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সম্প্রদায়ের বিকাশের জন্য অঞ্চলের বিস্তারিত রূপরেখা। অঞ্চলিকভাবে তৈরি পরিকল্পনাটি বৈশ্বিক বাজারের সুযোগগুলির সুবিধা নেয়, শিল্পোদ্যোগ প্রচেষ্টা শক্তিশালী করে এবং একটি অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি সৃষ্টি করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 5,900 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরো তথ্য এখানে পাওয়া যায়।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন